# হরমুজ প্রণালীতে জাহাজে হামলা, অনিশ্চয়তায় ইরান-যুক্তরাষ্ট্র সংলাপ



হরমুজ প্রণালী। ছবি: সংগৃহীত

হরমুজ প্রণালির কাছে একটি জাহাজে হামলার ঘটনার পর ইরান ও যুক্তরাষ্ট্রের সম্ভাব্য আলোচনা নিয়ে নতুন করে অনিশ্চয়তা দেখা দিয়েছে। একই সঙ্গে বৈশ্বিক জ্বালানি সরবরাহ নিয়েও উদ্বেগ তৈরি হয়েছে। রয়টার্সের এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে।

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প দাবি করেছেন, যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে আলোচনা চলছে। ওভাল অফিসে সাংবাদিকদের তিনি বলেন, ইরানের জন্য একটি ভালো চুক্তিতে পৌঁছানোর এটিই শেষ সুযোগ। তার দাবি, সৌদি আরব, সংযুক্ত আরব আমিরাত (ইউএই), কাতার এবং ইরানের অনুরোধেই এই আলোচনা শুরু হয়েছে।

তিনি আরও বলেন, আলোচনার সম্ভাবনা তৈরি হওয়ায় সম্ভাব্য সামরিক পদক্ষেপ থেকে আপাতত সরে এসেছে যুক্তরাষ্ট্র। যদিও এর আগেও ট্রাম্প কঠোর সামরিক হুঁশিয়ারি দিয়ে পরে অবস্থান পরিবর্তন করেছেন।

LENS ASIA

অন্যদিকে, ট্রাম্পের এ দাবি নাকচ করেছে ইরান। দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র ইসমাইল বাঘেই বলেন, যুক্তরাষ্ট্রের সঙ্গে কোনো আলোচনা চলছে না, এমনকি কোনো বৈঠকের সময়ও ঠিক হয়নি।

তিনি জানান, আগামী কয়েক দিনে কোনো বিদেশি প্রতিনিধিদলকে স্বাগত জানানো বা ইরানি প্রতিনিধিদের বিদেশে পাঠানোরও পরিকল্পনা নেই। পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি ধর্মীয় সফরে ইরাকে থাকলেও অন্য সব আলোচক বর্তমানে ইরানেই রয়েছেন।

বাঘেই আরও বলেন, এই মুহূর্তে ওমানের সঙ্গে হরমুজ প্রণালি-সংক্রান্ত বিষয়েই শুধু আলোচনা চলছে।